

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১০, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং ১৭৫-আইন/২০২১।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, বিগত ৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নং ১২২-আইন/২০০৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের কলাম (১) এর—

- (ক) ক্রমিক নং (৯) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “১৭৬৯:২০১৪” এর পরিবর্তে এন্ট্রি “BDS 1769:2014 (1st Revision), Amendment-1, 2021” প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) ক্রমিক নং (১০) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “১৭৭০:২০১৪” এর পরিবর্তে এন্ট্রি “BDS 1770:2014 (1st Revision), Amendment-1, 2021” প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ছরোয়ার হোসেন
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৭৮৫)
মূল্য : টাকা ৪.০০